

মাতৃছায়ার প্রতিদান

-আশিষ দেবনাথ

প্রকৃতিরূপী ঈশ্বর থাকেন গভীর গহন বনে
সেথায় থাকে নিষ্পাপ পশু-পাখি, আনন্দিত মনে ।
বনের শোভা বৃদ্ধি করে সকল পুষ্পদল,
রবির আলোয় চক্ চক্ করে বসন্তের নূতন কচি পত্রদল,
শতবছর পুরানো অশোক পিতা সবার আশ্রয়স্থল ।
রোদ-বৃষ্টি, ঝড়-তুফান যত সব অশনি সংকেত,
সব দূরে যায় অশোকের মাতৃসম ছায়ায়,
মায়ের মতো লালন-পালন করে সন্তানেরে ।
সেই সন্তান আজকে মানবরূপী শ্রেষ্ঠ জীব
ধ্বংস খেলা খেলে প্রতিদিন ।
বনস্পতি হারায় অস্তিত্ব মানবের শ্রেষ্ঠত্বের মাঝে
তাদের নির্দয় চরিত্রের ভীড়ে ।
অন্ন-বস্ত্র বাসস্থান সবার উৎসস্থল
তবুও আমরা ধ্বংস করছি আমাদের গর্ভস্থল;
মায়ের মতো নিঃস্বার্থ বলিদান দিচ্ছে বনস্পতি
অবশেষে সন্তানরূপী মানবকূল অবলুপ্ত করছি, মা
বনস্পতিকে
চলো করি সংকল্প রক্ষা করবো সবুজ বসুন্ধরা,
সবাই মিলে প্রণাম করি মাতৃ চরণটা ।

